# ফেব্রুয়ারি ২০২৩ মাসের আগৈলঝাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ আব্দুর রইচ সেরনিয়াবাত<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>আগৈলঝাড়া, বরিশাল। |
| সভার তারিখ ও সময় | ঃ ২৭/০২/২০২৩ খ্রি., সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| সভায় উপস্থিত সদস্যদের তালিকা | ঃ সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত। |

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

<table>
<tr><th>দপ্তরের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলায় ৪টি নতুন কমিউনিটি ক্লিনিক হবে। ভিটামিট এ+ ক্যাম্পেইন সকলের সহযোগিতায় সুসম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো জানান, হাসপাতালের অপারেশন থিয়েটার প্রস্তুত, সংশ্লিষ্ট ডাক্তার রয়েছে এবং এখন থেকে অপারেশন কার্যক্রম চলবে। অপারেশন থিয়েটারে ১টি ২টন এসি প্রদানের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>অপারেশন থিয়েটারের কার্যক্রম চলমান রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এসি প্রদানের বিষয়টি মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে অর্থ প্রাপ্তি সাপেক্ষে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও উপজেলা পরিষদ</td></tr>
<tr><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২০২৩ মাসের দাপ্তরিক কর্মকান্ড নিম্নরূপ:
<table>
<tr><th>বিষয়</th><th>প্রজেকশন</th><th>অর্জন</th><th>%(হার)</th></tr>
<tr><td>মোট সক্ষম দম্পতি</td><td>--</td><td>২৮৯৯৯</td><td>--</td></tr>
<tr><td>মোট পদ্ধতি গ্রহণকারী</td><td>-</td><td>২২৪০০</td><td>-</td></tr>
<tr><td>পদ্ধতি গ্রহণকারীর হার</td><td></td><td></td><td>৭৭.২৪</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>১১২৫০</td><td>১১১৫৬</td><td>৯৯.১৬</td></tr>
<tr><td>ইনজেকশন</td><td>৫৪৮১</td><td>৩৫৯৫</td><td>৬৫.৫৯</td></tr>
<tr><td>কনডম</td><td>২০১৯</td><td>১৫৭২</td><td>৭৭.৮৬</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি</td><td>১১</td><td>৮</td><td>৭২.৭২</td></tr>
<tr><td>আইইউডি</td><td>১৯</td><td>১০</td><td>৫২.৬৩</td></tr>
<tr><td>ইমপ্লান্ট</td><td>৩৮</td><td>৪৪</td><td>১১৫.৭৮</td></tr>
</table>
দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>মাঠ পর্যায়ের কার্যক্রমকে নিবিড়ভাবে মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
<tr><td>উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি রবি মৌসুমে ৯৪১০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ সম্পন্ন হয়েছে এবং ইতোমধ্যে ৯৪২০ হেক্টর জমিতে আবাদ সম্পন্ন হয়েছে। এছাড়া ১২৫হেক্টর জমিতে শাক-সবজির আবাদ হয়েছে। ফেব্রুয়ারি ২০২৩ মাসে উপজেলায় ইউরিয়া সার ১৩০ মে:টন, ডিএপি সার ১৩৫মে:টন, টিএসপি সার ১০৩ মে:টন ও এমওডি সার ১৬ মো:টন মজুদ রয়েছে। কোথাও কোন সার সংকট নাই। চলতি রবি মৌসুমে তৈল ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে উপজেলায় সরিষা ১০০ হেক্টর, সূর্যমুখী ১৫ হেক্টর ও চিনাবাদাম ১০ হেক্টর জমিতে আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>সারের যাতে কোন সংকট সৃষ্টি না হয় সেদিকে নজরদারী করতে হবে এবং কৃষকদের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনামতে এক ইঞ্চি জমিও যাতে ফাঁকা না থাকে সে লক্ষ্যে কৃষকদের নিয়ে কাজ করতে হবে।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশলীর কার্যালয় | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরের এডিপি ও ইউডিএফ তহবিলের অর্থের প্রকল্প তালিকা পাওয়া গেছে (পরিশিষ্ট-ক)। উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য টেন্ডার আহ্বানসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। পয়সারহাট ব্রীজের গার্ডারের কাজের বিষয়ে আলোচনা হয়। এছাড়া কাঠিরার পরিত্যাক্ত আয়রন ব্রীজ অপসারণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে টেন্ডার আহ্বানসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>কাঠিরার পরিত্যক্ত আয়রণ ব্রীজ সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দেশীয় মাছ রক্ষায় সময়োপযোগি অভিযান অব্যাহত রাখতে হবে। এছাড়া মৎস্য আইনের পরিপন্থী কোন কাজ যাতে না হয় সে বিষয়ে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে গবাদিপশুর ৬০০ মাত্রা, হাঁসমুরগীর ৪৬০০০ মাত্রা প্রতিষেধক প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন করা হয়েছে ৪৪৬ টি, সংকর জাতের বাছুর উৎপাদন হয়েছে ১৯৯টি। গবাদিপশুর চিকিৎসা করা হয়েছে ১৩৫০টি। হাঁসমুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে ১১৩৩৮টি। এছাড়া প্রাণিসম্পদ প্রদর্শনী-২০২৩ সম্পন্ন হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খামারী/চাষীদের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, সকল ভাতাভোগীদের মোবাইলে শীঘ্রই টাকা পৌছে যাবে। কোন ভাতাভোগী যাতে কোন প্রকার হয়রানী না হয় সে ব্যাপারে তার দপ্তর সর্বদা সজাগ রয়েছে। কারো কোন সমস্য থাকলে সরাসরি সমাজসেবা অফিসারের সাথে যোগাযোগের জন্য অনুরোধ জানান। | সরকার কর্তৃক প্রদত্ত সকল ভাতা যথাসময়ে যাতে ভাতাভোগীরা পেতে পারে তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরের ১ম পর্যায়ের সাধারণ টি.আর, কাবিটা, কাবিখা(গম) ও কাবিখা (চাল) এর দ্বার গৃহীত প্রকল্পসমূহের কাজ প্রায় শেষের পথে। যে সমস্ত ইউনিয়নের প্রকল্পের কাজ এখনো বাকী আসে সেই অসমাপ্ত প্রকল্পগুলো অনতিবিলম্বে শেষ করার জন্র সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যাগণকে অনুরোধ জানানো হয়। চলতি অর্থবছরের সাধারণ ২য় পর্যায়ের টি.আর, কাবিটা ও কাবিখার বরাদ্দ বিভাজন করে ইতোমধ্যে সকল ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত বিভাজিত বরাদ্দের প্রকল্পসমূহ অনতিবিলম্বে দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের কাছে বিনীত অনুরোধ করা হয়। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান প্রকল্পে মান যাতে সঠিক থাকে সেজন্য সার্বক্ষণিক মনিটরিং করতে হবে এবং ইউপি চেয়ারম্যানগণ দ্রুত প্রকল্প তালিকা দাখিল করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ |
| উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয় | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পাঠদান কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণ কার্যক্রম প্রায় সম্পন্ন হয়েছে। | বই বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে এবং শিক্ষার্থীদের পাঠদান যেন ক্ষতিগ্রস্থ না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৮ মার্চ অন্তর্জাতিক নারী দিবস পালন করা হবে এ কর্মসূচি সফল করার জন্য সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম যাথে আরো গতিশীল হয় সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যাথে আরো গতিশীল হয় সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) এর কার্যালয় | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) সভায় অনুপস্থিত থাকায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | চলমান কাজগুলো যাতে সঠিকভাবে পরিচালিত হয় এবং কাঙ্খিত জনগোষ্ঠী সুবিধা ভোগ করতে পারে সে বিষয়ে সার্বক্ষণিক মনিটরিং করতে হবে। রাংতা এলাকায় স্থাপিত নলকূপের যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং আশ্রয়ণ প্রকল্পের টিউবওয়েল দ্রুত বসানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয় | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, দূর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণে আগৈলঝাড়া উপজেলা থেকে ৪জন ভিডিপি সদস্যকে জেলা আনসার-ভিডিপি কার্যালয়, বরিশালে পাঠানো হয়। মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণে ( ৪২দিনের) ১জন ভিডিপি সদস্যকে গোপালগঞ্জ আনসার-ভিডিপি কার্যালয়ে পাঠানো হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রশিক্ষণার্থী নির্বাচনকালে আরো অধিকতর যাচাই-বাছাই করতে হবে এবং অন্যান্য কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের সমবায় সমিতির মাধ্যমে সমিতি গঠন করে দিতে হবে। এলক্ষ্যে কার্যক্রম চলছে। মোহনকাঠী নিয়ে কিছু সমস্যা আছে। সরকারি কোন অনুদান বা কোন রকম সুবিধা পাওয়া গেলে সমিতির সদস্যগণ তা পাবেন। | আশ্রয়ণ প্রকল্পের সকল সুবিধাভোগি যাতে সমবায় সমিতির আওতাভুক্ত হয় তা নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, ফেব্রুয়ারি/২৩ মাসে ঋণ বিতরণের লক্ষমাত্রা ০৫ কোটি টাকা (বছরে), ঋণ বিতরণ ১৬ লক্ষ ১৫ হাজার টাকা,ঋণ আদায় ১৩ লক্ষ ১০ হাজার টাকা এবং আদায়যোগ্য ১৯ লক্ষ ৮০ হাজার টাকা। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ কার্যক্রম স্বচ্ছতার সাথে করতে হবে এবং উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে ১৮.৫২০ মে.টন ধান এবং ৬০০ মে.টন চাল সংগ্রহ হয়েছে। মার্চ/২০২৩ মাসের খাদ্য বান্ধধব চালের ডিও ইতোমধ্যে ডিলারদের মাঝে দেয়া হয়েছে এবং ১ মার্চ থেকে উক্ত চাল নেয়ার নির্দেশনা দেয়া হয়েছে। ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় নিম্নমানের ভাঙা চাল গোডাউন থেকে সরবরাহ করা হয়েছে মর্মে সকল ইউপি চেয়ারম্যান নমুনাসহ অভিযোগ করেন। এর কোন সদুত্তর তিনি প্রদান করতে পারেননি। | কি কারণে ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় নিম্নমানের চাল প্রদান করা হয়েছে তার ব্যাখ্যা প্রদানের জন্য এবং পরবর্তীতে যেন ভালো মানের চাল দেয়া হয় তা নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | |
|---|---|---|---|
| পল্লী বিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান যে, জানুয়ারি/২৩ মাসে নতুন সংযোগ ১২২টি, নতুন শিল্প সংযোগ ০৭টি, অভিযোগ প্রাপ্তি ২২৬টি নিষ্পত্তি ২২৬টি। বিদ্যুৎ বিলকৃত টাকা ১,৭৬,১৬,১৬৯/-, আদায়কৃত টাকা ১,৬৭,৭৩,৮৩১/-, আদায়ের হার ৯৫.২২%, বকেয়া টাকা ১,৫৪,৯০,৯২৩/-, মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধের হার ৪৭.৬২%, উপজেলায় বিদ্যুতের চাহিদা ও সরবরাহ ৬.৫ মেঃওঃ, সিস্টেম লস ৯.১২%। আশ্রয়ণ প্রকল্পের ঘরগুলোতে বিদ্যুৎ সংযোগ স্থাপন করা প্রয়োজন। | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে সরকারের গৃহীত ব্যবস্থাসমূহের সেবা গ্রহীতারা যেন কোনরূপ হয়রানির শিকার না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। আশ্রয়ণ প্রকল্পের ঘরগুলোতে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ-২ |
| উপজেলা বন বিভাগ | ফরেস্টার(ভারপ্রাপ্ত) সভায় জানান যে, বর্তমানে কোন উন্নয়নমূলক কার্যক্রম নাই। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি গাছের রক্ষণাবেক্ষনে কাজ করতে হবে একই সাথে কোন জায়গা থেকে কখন গাছ কর্তন করা হয় এবং বিক্রয় হয় তা উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। কর্মকর্তা পদায়নের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে। | ফরেস্টার |
| উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুবিধাভোগীদের সেবা নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক অফিসগামী রাস্তাটি নির্মাণ করার জন্য সভায় অনুরোধ জানান। | আলোচনা সাপেক্ষে রাস্তাটি নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ও উপজেলা প্রকৌশলী |
| তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কর্মকান্ড সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | উঠান বৈঠকের আয়োজন করে বাল্যবিবাহ, মাদক, নারী ও শিশু নির্যাতন বিষয়ে মানুষকে আরো সচেতন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা |
| উপজেলা সেটেলমেন্ট অফিস | সহকারী সেটেলমেন্ট অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কর্মকান্ড সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | সেবা গ্রহিতাদের সেবা নিশ্চিত করতে হবে। | সহকারী সেটেলমেন্ট অফিসার |
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কর্মকান্ড সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | সেবা গ্রহিতাগণ যাতে কোন প্রকার হয়রানীর শিকার না হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার |
| উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমকে আরো গতিশীল করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, মডেল মসজিদ নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে অচিরেই উদ্বোধন হবে। | উদ্বোধন অনুষ্ঠান সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন |
| এনজিও সমন্বয় পরিষদ | এনজিও সমন্বয় পরিষদের প্রতিনিধি সভায় জানান যে, আগৈলঝাড়া উপজেলায় কর্মরত এনজিওসমূহের কাজ যথারীতি পরিচালিত হচ্ছে। | সংস্থার কার্যক্রমের ধারা অব্যাহত রেখে জীবন মান উন্নয়নের লক্ষ্যে কাজ করতে হবে। | এনজিও সমন্বয় পরিষদ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে সভায় সময়মত উপস্থিত থাকা ও আগামীতে সকল দপ্তরের কার্যক্রম যথাযথভাবে প্রতিপালনের আহ্বান জানিয়ে সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭-০২-২০২৩

(আব্দুর রইচ সেরনিয়াবাত)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
আগৈলঝাড়া, বরিশাল।

স্মারক নম্বর:০৫.১০.০৬০২.০০০.২৩.০০৫.২২.৬৩ তারিখঃ ০২ মার্চ ২০২৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, বরিশাল-০১( গৌরনদী-আগৈলঝাড়া) নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৫। জেলা প্রশাসক, বরিশাল।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া।
৯। উপজেলা.......................................................................অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
১০। চেয়ারম্যান, রাজিহার/বাকাল/বাগধা/গৈলা/রত্নপুর ইউপি, আগৈলঝাড়া, বরিশাল।
১১। জনাব......................................................
১২। অফিস নথি।

০২/৩/২৩

(মোঃ সাখাওয়াত হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
আগৈলঝাড়া, বরিশাল।